গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
প্রশাসন-০১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

নং-৩৪.০০.০০০০.০৪১.১১.০০৪.১৭.৬৮ তারিখঃ ২২ জানুয়ারি ২০১৮

## নিয়োগ বিজ্ঞপ্তি

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের নিম্নোক্ত শূন্য পদসমূহ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকগণের নিকট হতে স্ব-হস্তে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রমিক নং | পদের নাম | বেতন স্কেল | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ০১ | সাঁটমুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর | টাঃ ১১০০০-২৬৫৯০/- | ০৪ (চার) টি | ১) কোন স্বীকৃত বিশবিদ্যালয় হতে কমপক্ষে স্নাতক বা সমমানের ডিগ্রী হতে হবে;<br>২) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত;<br>৩) সাঁটলিপি বাংলায় প্রতি মিনিটে ৪৫ শব্দ ও ইংরেজিতে ৭০ শব্দের গতি থাকতে হবে;<br>৪) মুদ্রাক্ষরে এ প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতি থাকতে হবে;<br>৫) উপরে বর্ণিত বিষয়ে সরকার কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান হতে সনদপত্র থাকতে হবে। | ঢাকা, কুষ্টিয়া, পটুয়াখালী ও বরগুনা জেলা ব্যতীত অন্যান্য সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। | সকল জেলার এতিমখানার নিবাসী, শারীরিক প্রতিবন্ধী এবং মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং পুত্র-কন্যার পুত্র-কন্যাগণ আবেদন করতে পারবেন। |
| ০২ | ক্যাশিয়ার | টাঃ ১০,২০০-২৪,৬৮০/- | ০১ (এক) টি | ১)কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে স্নাতক বা সমমানের ডিগ্রী হতে হবে; | সকল জেলা | ঐ |
| ০৩ | অফিস সহায়ক | টাঃ ৮২৫০-২০০১০/- | ০৬ (ছয়) টি | কোন স্বীকৃত বোর্ড হতে কমপক্ষে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | নোয়াখালী, শরীয়তপুর, যশোর, ফরিদপুর, পিরোজপুর, ঢাকা, মানিকগঞ্জ, পাবনা, গোপালগঞ্জ, খুলনা, মাগুরা, নাটোর জেলা ব্যতীত অন্যান্য সকল জেলা | ঐ |

আবেদনকারীকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের মডেল ফরম অনুসারে আবেদন করতে হবে এবং প্রদত্ত প্রবেশপত্রে নমুনা যথাযথভাবে পূরণপূর্বক আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে (আবেদনপত্রের নমুনা ও প্রবেশপত্রের নমুনা যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ওয়েবসাইটে www.moysports.gov.bd পাওয়া যাবে)।

শর্তাবলীঃ

০২। ১৩ তম গ্রেড হতে ২০ তম গ্রেডের নিয়োগ সংক্রান্ত সকল সরকারী নিয়মাবলি অনুসরণপূর্বক জেলার প্রাপ্যতার অনুযায়ী কেবল যোগ্য প্রার্থীর বরাবর প্রবেশপত্র প্রেরণ করা হবে। পরীক্ষার তারিখ, সময় ও স্থান দৈনিক পত্রিকা, মন্ত্রণালয়ের ওয়েবসাইটে এবং প্রবেশপত্রের মাধ্যমে জানানো হবে।

০৩। আবেদনকারী যদি কোন তথ্য গোপন করে এবং পরবর্তীতে তা সনাক্ত হয় সেক্ষেত্রে আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে এবং তাঁর নিয়োগাদেশ বাতিল করা হবে।

০৪। আবেদনকারীকে তার অর্জিত সঠিক শিক্ষাগত যোগ্যতা আবেদনপত্রে উল্লেখ করতে হবে। অর্জিত শিক্ষাগত যোগ্যতা গোপন রেখে পরবর্তীতে তা প্রকাশ করে পদোন্নতি বা অন্য কোন বৈধ সুযোগ দাবী করলে তা গ্রহণযোগ্য হবে না।

০৫। প্রার্থীর বয়সসীমা ২৮ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে বয়স ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীর ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমা ৩২ বছর। বয়সের ক্ষেত্রে কোন এফিডেবিট গ্রহণযোগ্য নয়।

০৬। আবেদনকারীগণকে লিখিত/ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য কোন প্রকার টি.এ /ডি.এ প্রদান করা হবে না।

০৭। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৮। সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এর অনুকূলে পরীক্ষা ফি বাবদ ট্রেজারি চালানের মাধ্যমে সাঁটমুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর ও ক্যাশিয়ার পদে ১০০/-(একশত) টাকা এবং অফিস সহায়ক পদে ৫০/- (পঞ্চাশ) টাকা সোনালী ব্যাংক ট্রেজারি চালান হিসাব কোড নং ''১-৩৬০১-০০০১-২০৩১'' এ জমা প্রদান করে চালানের মূলকপি আবেদনের সাথে জমা দিতে হবে।

০৯। আবেদনপত্র প্রেরণের খামের উপর পদের নাম, নিজ জেলা, বিশেষ কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে। আবেদনপত্রের সাথে প্রার্থীর নাম ও ঠিকানা উল্লেখপূর্বক ৬/- (ছয়) টাকা মূল্যমানের অব্যবহৃত ডাকটিকেটযুক্ত ৯.৫× ৪.৫ ইঞ্চি একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে।

১০। আবেদনপত্রের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙিন ছবি (সত্যায়িত) সংযুক্ত করতে হবে।

১১। চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং উক্ত প্রার্থীদের মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থার ছাড়পত্র সাক্ষাৎকারের সময় দাখিল করতে হবে। অন্যাথায় সাক্ষাৎকার গ্রহণ করা হবে না।

১২। মৌখিক পরীক্ষার সময় আবেদনকারীকে (ক) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র (খ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের কমিশনার/মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র (গ) প্রথম শ্রেণির গেজেটেড সরকারি কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র (ঘ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধনপত্রসহ প্রযোজ্য অন্যান্য সনদ/প্রত্যয়নপত্রের মূলকপি সাথে আনতে হবে।

১৩। বিজ্ঞপ্তির শূন্য পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি বা বাতিল/প্রত্যাহারের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৪। নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য করা হবে।

১৫। সকল আবেদনপত্র যুগ্মসচিব (প্রশাসন) ও সভাপতি, বিভাগীয় নির্বাচন/বাছাই কমিটি, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, (কক্ষ নং-৫০৫, ভবন নং-০৭), বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর আগামী ২৮ ফেব্রুয়ারি ২০১৮ তারিখের মধ্যে ডাকযোগে পাঠাতে হবে। নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র গৃহীত হবে না।

(মোঃ ফাইজুল কবীর)<br>
যুগ্মসচিব (প্রশাসন) ও<br>
সভাপতি<br>
বিভাগীয় নির্বাচন/বাছাই কমিটি<br>
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়<br>
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।